

“শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

স্মারক নং-৩৯.০০.০০০০.০০২.১৬.০১০.১৮-১৩৯

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৫
০৬ মে ২০১৮

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.৫৬.০৭৫.০২৭.০০.০০.০০৫.২০১২ (অংশ-১)-৭৭ তারিখ: ৪ মে, ২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩০ এপ্রিল ২০১৪ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত সানুগ্রহ নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (নির্ধারিত ছক-২ অনুযায়ী) নির্দেশক্রমে নিম্নে প্রদত্ত হলো:

১	২	৩	৪	৫
ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি বিস্তারিত লিখতে হবে (যেমন ডিপিপি প্রণয়ন হচ্ছে/আংশিক বাস্তবায়নাধীন/ প্রাথমিক উদ্যোগ গৃহীত/টেন্ডার আহবান করা হয়েছে ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ অথবা বাস্তবায়িত হলে তা লিখতে হবে)	নির্দেশনা বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা (যদি থাকে)	মন্তব্য
ক	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বিদ্যমান পুরাতন এবং উর্ধ্বমুখী সম্প্রসারণের অনুপযোগী ভবন অপসারণ করে একটি আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবন নির্মাণ করে বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন করতে হবে;	আধুনিক, মানসম্মত ও দৃষ্টিনন্দন ভবনসহ বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপনের লক্ষ্যে প্রণীত ডিপিপি'র ওপর গত ০১/০১/২০১৮ তারিখ পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির সভা এবং ০৮/০১/২০১৮ তারিখ অর্থ বিভাগে জনবলের ধরণ ও সংখ্যা নির্ধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভা ও জনবল নির্ধারণী সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের জন্য গত ০৮/০৪/২০১৮ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।		
খ	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে;	(১) রাজশাহী বিভাগ: রাজশাহী বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ভৌত অবকাঠামো নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবানপূর্বক প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়ন করে অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (২) বরিশাল বিভাগ: বরিশালে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে প্রণীত ডিপিপি'র ওপর গত ১২/১২/২০১৭ তারিখ পিইসি সভা এবং গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখ অর্থ মন্ত্রণালয়ে জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। (৩) খুলনা বিভাগ: খুলনায় নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পাদন করে সে অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হচ্ছে। (৪) রংপুর বিভাগ: রংপুর নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ২১ জুন ২০১৮-এর মধ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের পর সে অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হবে।		

		<p>(৫) সিলেট বিভাগ: সিলেটে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ২৩ মে ২০১৮ তারিখের মধ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের পর সে অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হবে।</p> <p>(৬) চট্টগ্রাম বিভাগ: চট্টগ্রাম বিভাগে নভোথিয়েটার স্থাপনের ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে।</p> <p>(৭) ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ বিভাগে নভোথিয়েটার স্থাপনের ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে।</p>		
গ	বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নভোথিয়েটার দর্শনের লক্ষ্যে এবং নভোথিয়েটার-এর কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াতের জন্য বিআরটিসি থেকে ভাড়া বাস সংগ্রহ করা যেতে পারে;	বাস্তবায়িত		
ঘ	জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট এলাকায় একটি আন্তর্জাতিক মানের মেরিন একুয়ারিয়াম নির্মাণের উদ্যোগ নিতে হবে;	মেরিন একুয়ারিয়াম নির্মাণের জন্য প্রণীত ডিপিপি 'র ওপর গত ১৪/০৩/২০১৮ তারিখে অর্থ বিভাগে জনবল কমিটির সভা এবং ২৫/০৩/২০১৮ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী Environmental Impact Assessment (EIA) সম্পাদনের জন্য ০৩ মে ২০১৮ তারিখ পরিবেশ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।		
ঙ	বঙ্গবন্ধু ফেলোশিপ কর্মসূচিকে স্থায়ী করার জন্য একটি ট্রাস্ট গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।	বাস্তবায়িত		
চ	রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের কাজ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে।	<p>রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্পের কাজ শেষ হয়েছে। General Contract-এর আওতায় প্রকল্পের কাজ চলমান রয়েছে।</p> <p>অন্যান্য অগ্রগতি:</p> <p>১। গত ২৪-২৬ এপ্রিল ২০১৮ তারিখ Preliminary Safety Analysis Report (PSAR)-এর ওপর ওয়ার্কসপ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।</p> <p>২। খসড়া Communication Plan-2018 চূড়ান্ত করার লক্ষ্যে গত ১০ এবং ১৬ এপ্রিল ২০১৮ তারিখ ২টি সভা অনুষ্ঠিত হয়।</p> <p>৩। প্রকল্পের Soil Mass Stabilization Safety Status Report, Working Documents এবং Work Execution Plan সম্পর্কিত ডকুমেন্টসমূহ রিভিউ সংক্রান্ত একটি সভা গত ২০-২১ তারিখ অনুষ্ঠিত হয়।</p> <p>৪। জনবল প্রশিক্ষণের জন্য গঠিত Joint Training Advisory Commission (JTAC)-এর একটি যৌথ সভা গত ০৩-০৬ এপ্রিল ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়।</p> <p>৫। প্রকল্পের Construction and Erection Works মূল্যায়নের জন্য কারিগরি কমিটির একটি সভা গত ৫ এপ্রিল ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়।</p>		

	এক্ষেত্রে প্রয়োজনে পৃথক আইন প্রণয়ন করতে হবে।	৬। প্রকল্পের Long Term Manufacturing Equipment (LTME)-নং ২১ ও ২২ বিষয়ক মাইলস্টোন যাচাই করার নিমিত্ত একটি সভা গত ১০ এপ্রিল ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। ৭। প্রকল্পে নিয়োজিত জনবলের বেতন-ভাতাদির সাথে অতিরিক্ত বিশেষ ভাতা প্রদান বিষয়ে অর্থ বিভাগে একটি সভা গত ১৬ এপ্রিল ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। বাস্তবায়িত		
ছ	দেশের দক্ষিণাঞ্চলে আরও একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিতে হবে।	“বাংলাদেশের দক্ষিণাঞ্চলে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট নির্মাণের সম্ভাব্য স্থান নির্বাচনের সমীক্ষা” শীর্ষক প্রকল্পের সংশোধিত এডিপিতে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হচ্ছে।		

(মোঃ আছির উদ্দীন সরদার)
উপসচিব

৯৫৪০৩৮৩

E-mail: section2@most.gov.bd

সিনিয়র সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

(দৃঃ আঃ জনাব মোহাম্মদ শামীম আলম, পরিচালক-৮)

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন প্রকল্প (১ম পর্যায়), পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণি, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী প্রধান, শাখা-১৬ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (পাবি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।